

ফেসবুকের দুটি গুরুত্বপূর্ণ ফিচার ও ট্রিকস

মোহাম্মদ ইশতিয়াক জাহান

গত কয়েক সংখ্যায় সেশ্যল নেটিওয়ার্কিং সাইট 'ফেসবুক' সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়েছে। ফেসবুকে সাইনআপ, লগইন থেকে শুরু করে ফ্যানপেজ তৈরি, গ্রুপ তৈরি করা পর্যন্ত আলোচনা করা হয়েছে। এর ফলে অনেকেই ফেসবুকের সাথে সম্পর্কযুক্ত কিছু ভালো টিপ ও ট্রিকস শেয়ার করার কথা বলেছেন। ফেসবুকের পাঠকের কথা বিবেচনা করে এবারের সংখ্যায় ফেসবুকের দুটি গুরুত্বপূর্ণ ফিচার ও ট্রিকস সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়েছে, যা অনেক ব্যবহারকারীর কাজে আসতে পারে। ফিচার দুটি হচ্ছে : ০১. ফেসবুকের বিভিন্ন ধরনের নোটিফিকেশন ই-মেইল অ্যাড্রেসে যাওয়া বন্ধ করা, ০২. ফেসবুকের ডোমেইন নাম (@facebook.com) দিয়ে ফেসবুকের জন্য অ্যাক্টিভিটি তৈরি করা।

ফিচার ১-এর ই-মেইলে ফেসবুক নোটিফিকেশন : ফেসবুক ব্যবহারকারীরা ফেসবুকের সর্বকিছু পছন্দ করলেও কিছু কিছু বিষয় পছন্দ করেন না, যেমন- ফেসবুকের বিভিন্ন ধরনের নোটিফিকেশন। ফেসবুক ব্যবহারকারীরা ফেসবুকে অ্যাক্টিভিটি খোলার সময় তাদের নিজস্ব ই-মেইল অ্যাড্রেস (যেমন : জি-মেইল, ইয়াহু, হট-মেইল) দিয়ে খুলে থাকেন। আবার এই ই-মেইল অ্যাড্রেস তাদের অফিনিয়াল বা বন্ধুর সাথে যোগাযোগের জন্য ব্যবহার করে থাকেন। মরকারি ই-মেইল অ্যাড্রেস দিয়ে ফেসবুক খোলার পর দেখা যায় কেউ আপনাকে কোনো ফটোতে ট্যাগ করলে বা আপনার স্ট্যাটাসে কেউ মেসেজ দিলে বা কোনো মেসেজের ওপর তারা রিপ্লাই করলে এ ধরনের নোটিফিকেশন ফেসবুক থেকে আপনার ই-মেইল অ্যাড্রেসে চলে আসে। ফলে দেখা যায়, আপনার ফেসবুকে অনেক বন্ধু থাকলে এবং তাদের এসব নোটিফিকেশনের ফলে আপনার ই-মেইল অ্যাড্রেসের ডেভরে প্রয়োজনীয় মরকারি ই-মেইলগুলো খুঁজে পাওয়া কঠিন হয়ে দাঁড়ায়। অনেকেই এই নোটিফিকেশনগুলো মুছে ফেলতে গিয়ে মরকারি ই-মেইলগুলোও মুছে ফেলেন। এই ধরনের সমস্যার সমাধান নিম্নরূপ।

**ই-মেইলে ফেসবুক নোটিফিকেশন
বন্ধের ট্রিকস**

ই-মেইলে ফেসবুকের অপ্রয়োজনীয় নোটিফিকেশন বন্ধ করার জন্য নিচের ধাপগুলো অনুসরণ করুন : ০১. প্রথমে আপনার ফেসবুকের

অ্যাক্টিভিটির আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করুন। ০২. Account-এ ক্লিক করে Account Settings-এ ক্লিক করুন। ০৩. বাম পাশের প্যানেলে দেখুন বেশ কিছু অপশন রয়েছে। এখানে Notifications ট্যাবে ক্লিক করুন। পেজ স্ক্রল করলে All Notification নামে একটি এরিয়া থাকবে। ০৪. অল নোটিফিকেশন থেকে Facebook-এর ডানপাশের Edit বাটনে ক্লিক করুন। এখানে বিভিন্ন ধরনের নোটিফিকেশনের নাম রয়েছে এবং তাদের ডান পাশে টিক চিহ্ন দেয়া আছে। নোটিফিকেশনের ধরন যেমন : Sends you a message, Adds you as a friend, Confirms a friend request, Confirms a friend request, Posts on your wall, Pokes you ইত্যাদি। এরপ আবার বেশ কিছু নোটিফিকেশন অপশন রয়েছে এবং তাদের ডান পাশে টিক চিহ্ন দেয়া রয়েছে। ফলে এসব নোটিফিকেশন মেসেজ আপনার ই-মেইল অ্যাড্রেসে চলে যাবে। আপনি যেসব নোটিফিকেশন পছন্দ করেন না, তার ডান পাশ থেকে টিক চিহ্ন তুলে নিন। এভাবে আপনি ইচ্ছা করলে সব নোটিফিকেশনের টিক চিহ্ন তুলে নিতে পারেন। ০৫. এবার Save Changes-এ ক্লিক করুন।

নোটিফিকেশন অপশন বন্ধ করলে আপনাকে কেউ ফেসবুকে কোনো মেসেজ, কমেন্টস, ট্যাগ করলে আপনার ই-মেইল অ্যাড্রেসে কোনো নোটিফিকেশন যাবে না। আপনি যদি নোটিফিকেশন অপশনটি আবার চালু করতে চান, তাহলে All Notification-এ গিয়ে নোটিফিকেশনগুলোতে টিক দিয়ে সেভ চেঞ্জস বাটনে ক্লিক করুন।

ফিচার ২-এ ফেসবুকের (@facebook.com) ই-মেইল অ্যাড্রেস তৈরি করা : আমরা যারা বিভিন্ন ধরনের ই-মেইল সার্ভিস ব্যবহার করে থাকি তাদের সাইটের নাম দিয়ে ই-মেইল অ্যাড্রেসটি খুলতে পছন্দ করে থাকি। যেমন : rmy446@yahoo.com, serversolution4u@gmail.com ইত্যাদি ধরনের। ফেসবুকও এই ধরনের সুবিধা পেতে পারেন। আপনার ফেসবুকের লগইন আইডিটি হবে

username@facebook.com। এর ফলে আপনাকে ই-মেইল অ্যাড্রেসটি দিয়ে লগইন করতে হবে না, যা নিয়ে আপনি ফেসবুকের অ্যাক্টিভিটি খুলেছিলেন। এই ফিচারটি চালু করার জন্য নিচের কৌশলটি অনুসরণ করুন।

ফেসবুকের (@facebook.com) ই-মেইল অ্যাড্রেস তৈরির কৌশল : ফেসবুকের এই ফিচারটি চালু করার জন্য আপনি নিচের ধাপগুলো অনুসরণ করুন : ০১. প্রথমে আপনার ই-মেইল অ্যাড্রেস ও পাসওয়ার্ড দিয়ে ফেসবুকে লগইন করুন। ০২. এবার Account থেকে Account Settings-এ ক্লিক করুন। ০৩. বাসের ফেসবুকের ইউনিক ইউজারনেম দেয়া আছে

তাদের কিছু করতে হবে না, আর বাসের ফেসবুকের জন্য ইউনিক ইউজারনেম নেই তারা username-এর ডানপাশের Edit-এ ক্লিক করুন। ০৪.

এখন www.facebook.com/এর ডান পাশের বক্সে আপনার ইউজারনেমটি দিন। যেমন : www.facebook.com/abc123। অর্থাৎ abc123 হচ্ছে আপনার ফেসবুকের ইউনিক ইউজারনেম। এবার Save Changes-এ ক্লিক করুন। ০৫. এবার http://www.facebook.com/?sk=inbox এই লিঙ্কে ভিজিট করুন। এতে আপনার সামনে যে উইজো আসবে এখানে Claim your Facebook email লিঙ্কে ক্লিক করুন। ০৬. এখন আপনি আপনার ইউজারনেমের পাশে @facebook.com ব্যবহার করে লগইন করতে পারবেন। আপনার ই-মেইল অ্যাড্রেসটি হবে abc123@facebook.com।

ওপরের এই আলোচনার ধাপগুলো ব্যবহার করে আপনার ইউনিক নামের সাথে @facebook.com ডোমেইন নামটি সংযুক্ত করতে পারবেন।

ফেসবুকের সুবিধা দিনে দিনে আগ্রহে করা হচ্ছে এবং এর সাথে ফিচারযুক্ত সুবিধাও যুক্ত করা হচ্ছে। ওপরের আলোচনা করা ফিচার দুটির ট্রিকস বুঝতে সমস্যা হলে http://www.serversolution4u.com থেকে ধাপগুলো দেখে নিন অথবা আপনার সমস্যার কথা জানিয়ে ই-মেইল করুন।

ফিডব্যাক : rmy446@yahoo.com